**উপজেলা পরিষদ**
ঝিনাইগাতী,শেরপুর।

**"উন্নয়নের গণতন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র"।**

## অক্টোবর-২০২০ খ্রি. মাসে অনুষ্ঠিত ঝিনাইগাতী'র পঞ্চম উপজেলা পরিষদের ১৮তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **এস, এম, আব্দুল্লাহেল ওয়ারেজ নাইম,** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ,ঝিনাইগাতী,শেরপুর।

সভার তারিখ ঃ ১৯ অক্টোবর,২০২০ খ্রি., সময় ঃ সকাল- ১১.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

০১। আলোচনার বিষয় ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার,ঝিনাইগাতী,শেরপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি অত্র উপজেলার বিভিন্ন দপ্তর/বিভাগ ভিত্তিক কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি আলোচনা করার জন্য সংশ্লিষ্টদের আহবান জানান। অতঃপর আলোচ্য বিষয় অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২। আলোচনার বিষয় ঃ বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২.০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.০২। উপজেলা কৃষি অফিসার,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান কৃষি বিভাগের চলমান প্রকল্পসহ অন্যান্য যাবতীয় সকল কার্যক্রম স্বাভাবিক গতিতে রয়েছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,ঝিনাইগাতী শেরপুর সভায় জানান, গরু ১৪২২টি, ছাগল ২৭৫টি কুকুর ০১টি ও ৬২৫০ টি হাঁস মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। ভ্যাকসিন বিক্রয় বাবদ ৫১৮৫/- টাকা আয় হয়েছে। সেবা গ্রহীতার সংখ্যা ২৭৮ জন। এছাড়া উপজেলা প্রাণি সম্পদ বিভাগের অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.০৪। উপজেলা মৎস্য অফিসার, ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, উপজেলা মৎস্য বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(ভারঃ),ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের আওতায় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা (ভারঃ) ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান,২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল(এডিপি) এর ০৪(চার)টি কিস্তিতে প্রাপ্ত ৯৬,৫৬,০০০/-(ছিয়ানব্বই লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকার প্রকল্প গ্রহণের পর যথানিয়মে ই-জিপি পদ্ধতিতে ১ম পর্যায় ও ২য় পর্যায়ে সর্বমোট ০২(দুই) বার দরপত্র আহবান করা হয়। উক্ত দরপত্র আহবানের টেন্ডার খরচ এবং দরপত্র প্রকাশনা বাবদ সর্বমোট ২,৬১,০১৫/-(দুই লক্ষ একষট্টি হাজার পনের) টাকা খরচ হয়। তিনি উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সদয় অনুমোদনের জন্য সভার প্রস্তাব পেশ করেন। | উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তাবিত দরপত্র আহবানের টেন্ডার খরচ এবং দরপত্র প্রকাশনা বাবদ সর্বমোট ২,৬১,০১৫/-(দুই লক্ষ একষট্টি হাজার পনের) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, ঝিনাইগাতী<br>উপজেলা নির্বাহী অফিসার,ঝিনাইগাতী<br>উপজেলা প্রকৌশলী ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.০৭। উপজেলা শিক্ষা অফিসার,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, উপজেলা শিক্ষা বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |

| | | |
|---|---|---|
| ২.০৯। উপজেলা সমাজসেবা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা সমাজসেবা বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১০। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইগাতী, শেরপুর জানান, ২০২০-২১ অর্থবছরে প্রতি ইউনিয়নে ২৬টি করে মোট ১৮২টি সাবমার্সিবলের স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,ঝিনাইগাতী,শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী শেরপুর। |
| ২.১৩। উপজেলা সমবায় অফিসার, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১৪। উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী, শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন অফিসার,ঝিনাইগাতী |
| ২.১৫। রেঞ্জ অফিসার, রাংটিয়া রেঞ্জ, ঝিনাইগাতী, শেরপুর এর প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | রেঞ্জ অফিসার, রাংটিয়া রেঞ্জ ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.১৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর |
| ২.১৭। উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প, ঝিনাইগাতী, সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.১৮। উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |

০৩। আলোচনার বিষয় ঃ বিভিন্ন সদস্যদের বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত।

| | | |
|---|---|---|
| ৩.০১। চেয়ারম্যান, কাংশা ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান,কাংশা ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০২। চেয়ারম্যান, ধানশাইল ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী শেরপুর সভায় জানান, সম্প্রতি পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে নিচু এলাকাগুলোতে বন্যায় অনেক কৃষকের রোপা আমনের বীজতলা নষ্ট হয়ে গেছে। অনেক মৎস্য চাষীর পুকুর ডুবে গিয়ে অর্থনৈতিকভাবে অনেক ক্ষতিগ্রস্থ হয়েছে এবং বিভিন্ন গ্রামের কাচা রাস্তাগুলোর ব্যাপকভাবে ক্ষতিসাধিত হয়েছে। উল্লিখিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনা কলামে বর্ণিত বিষয়গুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা ও চেয়ারম্যান, ধানশাইল ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৩। চেয়ারম্যান, নলকুড়া ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, বর্তমান সময়ে অতিবৃষ্টির কারনে নলকুড়া ইউনিয়নের কাচা রাস্তাগুলোর ব্যাপকভাবে ক্ষতিসাধিত হয়েছে। উক্ত রাস্তাগুলো জরুরীভাবে সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নলকুড়া ইউনিয়নে ক্ষতিগ্রস্ত কাচা রাস্তাগুলো সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা ও চেয়ারম্যান, নলকুড়া ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৪। চেয়ারম্যান, গৌরিপুর ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, গৌরীপুর ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৫। চেয়ারম্যান, ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, তার ইউনিয়নের একজন গ্রামপুলিশ মৃত্যুবরন করায় পদটি শুন্য হওয়ায় নতুন করে গ্রাম পুলিশ নিয়োগের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনা কলামে বর্ণিত গ্রাম পুলিশ নিয়োগের বিষয়ে সকল ইউনিয়নের শুন্যকোটা এবং যাদের চাকরীর বয়স শেষ হয়েছে তাদেরকে বাদ দিয়ে নতুন করে নিয়োগের জন্য সময় সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান ঝিনাইগাতী ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |

| | | |
|---|---|---|
| ৩.০৬। চেয়ারম্যান, হাতিবান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী শেরপুর সভায় জানান, তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান<br>হাতিবান্দা ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৭। চেয়ারম্যান, মালিঝিকান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান<br>মালিঝিকান্দা ইউপি<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান, ঝিনাইগাতী, শেরপুর সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় ও উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের নিম্নরূপ ভ্রমণ বিল সমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>১। এস,এম,আব্দুল্লাহেল ওয়ারেজ নাইম,চেয়ারম্যান,উপজেলা পরিষদ ঝিনাইগাতী, শেরপুর এর-আগষ্ট/১৯ হতে সেপ্টেম্বর/২০ খ্রি. পর্যন্ত ভ্রমণ বিল ১,৪৪,৩৭৪/-(একলক্ষ চুয়াল্লিশ হাজার তিনশত চুয়াত্তর) টাকা।<br>২। মোঃ মোফাজ্জল হোসেন চৌধুরী, উপজেলা ভাইস চেয়ারম্যান, ঝিনাইগাতী, শেরপুর এর-আগষ্ট/১৯ হতে সেপ্টেম্বর/২০খ্রি. পর্যন্ত ভ্রমণ বিল ১,২৩,২৫০/-(একলক্ষ তেইশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>৩। মোছাঃ লাইলী বেগম,উপজেলা ভাইস চেয়ারম্যান(মহিলা), ঝিনাইগাতী, শেরপুর এর- আগষ্ট/১৯ হতে সেপ্টেম্বর/২০খ্রি. পর্যন্ত ভ্রমণ বিল ১,২৩,০০০/-(একলক্ষ তেইশ হাজার) টাকা।<br>এছাড়াও উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবদের অনুরোধ জানান। | আলোচনা কলামে বর্ণিত ভ্রমণভাতা বিল উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>মহিলা ভাইসচেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও সদস্য সচিব<br>সংশ্লিষ্ট কর্মকর্তা<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৯। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবদের অনুরোধ জানান। এছাড়াও তিনি বলেন, উপজেলা পরিষদের জীপ গাড়ী নং-শেরপুর-ঘ-১১-০০১২ এর চালক উক্ত গাড়ীটির কিছু সমস্যার বিষয়াবলী উল্লেখ পূর্বক তা জরুরী ভিত্তিতে মেরামত/সার্ভিসিং করার জন্য আবেদন করেছেন। সে প্রেক্ষিতে তিনি উক্ত জীপ গাড়ীটি ২০২০-২০২১ অর্থবছরের সংশ্লিষ্ট খাত হতে মেরামত/সার্ভিসিং করার জন্য সভায় প্রস্তাব পেশ করেন। | আলোচনা কলামে বর্ণিত উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা পরিষদের জীপ গাড়ী নং-শেরপুর-ঘ-১১-০০১২ চাহিদা অনুযায়ী মেরামত/সার্ভিসিং পূর্বক বিল দাখিল করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>সংশ্লিষ্ট কর্মকর্তা<br>এবং<br>ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>ও সদস্য সচিব<br>সংশ্লিষ্ট কমিটি,ঝিনাইগাতী |

০৪। আলোচনার বিষয়ঃ বিবিধ।

| | | |
|---|---|---|
| ৪.০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -২ শাখা'র স্মারক নং-৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০২০-৪৬৫, তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রি. মূলে করোনা ভাইরাস (COVID-19) প্রতিরোধ কল্পে উপজেলা পর্যায়ে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহনের জন্য ঝিনাইগাতী উপজেলায় ১,৮১,০০০/-(একলক্ষ একাশি হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বর্ণিত বরাদ্দ পত্রের নির্দেশনা অনুযায়ী নিম্নে উল্লিখিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।<br>পকল্পের নাম ঃ ঝিনাইগ্যাতী উপজেলায় করোনা ভাইরাস বিস্তার রোধকল্পে জনসাধারনের মাঝে হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ড গ্লাভস ও মাস্ক বিতরণ।<br>প্রাক্কলিত অর্থ ঃ ১,৮১,০০০/-(একলক্ষ একাশি হাজার) টাকা।<br>প্রকল্প সভাপতি ঃ মোঃ মোফাজ্জল হোসেন চাঁন, চেয়ারম্যান, ঝিনাইগাতী ইউপি, ঝিনাইগাতী, শেরপুর। | স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -২ শাখা'র স্মারক নং-৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০২০-৪৬৫, তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রি. মূলে বরাদ্দকৃত ১,৮১,০০০/-(একলক্ষ একাশি হাজার) টাকা পত্রের নির্দেশনা অনুযায়ী এবং উল্লিখিত প্রকল্প কমিটির মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও উপজেলা প্রকৌশলী<br>ঝিনাইগাতী, শেরপুর। |
| ৪.০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান,<br>(ক) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের জন্য ভালো মানের চেয়ার, টেবিলসহ অন্যান্য প্রয়োজনীয় আসবাব পত্র না থাকায় জরুরীভাবে আসবাবপত্র ক্রয়ের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবটি যথাযথ হওয়ায় উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ অনুযায়ী উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক ২০২০-২১ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে নিম্নে উল্লিখিত প্রকল্পটি বাস্তবায়ন কমিটির সভাপতি মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন।<br>প্রকল্পের নাম ঃ **উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের জন্য চেয়ার ও টেবিল ক্রয়।**<br>প্রাক্কলিত অর্থ ঃ ৩,০০,০০০/-(তিনলক্ষ) টাকা।<br>প্রকল্প সভাপতি ঃ মোছাঃ লাইলী বেগম,মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ ঝিনাইগাতী, শেরপুর। | (ক) আলোচনা কলামে উল্লিখিত প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা,২০২০ এর অনুচ্ছেদ ৩ এর 'ছ' মোতাবেক ২০২০-২১ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ৩,০০,০০০/-(তিনলক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>উপজেলা নির্বাহী অফিসার,<br>উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি, ঝিনাইগাতী, শেরপুর। |

| | | |
|---|---|---|
| (খ) ঝিনাইগাতী থানায় রাস্তাটি জরাজীর্ণ হওয়ায় চলাচলা করা খুবই কষ্টকর। এছাড়াও বাহিরে পর্যাপ্ত লাইটিং ব্যবস্থা না থাকায় একট অন্ধকার পরিবেশ বিরাজ করছে। এমতাবস্থায় ঝিনাইগাতী থানার বাহিরে লাইট ও রাস্তা সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক ২০২০-২১ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে নিম্নোক্ত প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব পেশ করেন।<br>প্রকল্পের নামঃ ঝিনাইগাতী থানার রাস্তা সংস্কার ও লাইটিংকরণ ক্রয়।<br>প্রাক্কলিত অর্থঃ ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>প্রকল্প সভাপতি ঃ মোঃ মোফাজ্জল হোসেন চাঁন,চেয়ারম্যান,ঝিনাইগাতী ইউপি,ঝিনাইগাতী। | (খ) আলোচনা কলামে বর্ণিত প্রকল্পটি উপজেলা প্রকৌশলী, ঝিনাইগাতী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক ২০২০-২১ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি, ঝিনাইগাতী, শেরপুর। |
| ৪.০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সাধারণ সম্পাদক,অফিসার্স ক্লাব,ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান,ঝিনাইগাতী উপজেলার অফিসার্স ক্লাব এর জায়গার মাটিভরাট কাজ দীর্ঘদিন হওয়ায় উক্ত জায়গায় ঘর উত্তোলন জরুরী। এতে করে অফিসার্স ক্লাবের কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে।<br>(ক) উক্ত প্রস্তাবটি যথাযথ হওয়ায় উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক ২০২০-২১ অর্থবছরের উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে নিম্নোক্ত ০২(দুই)টি প্রকল্পটি পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব পেশ করেন।<br>(১) প্রকল্পের নাম ঃ অফিসার্স ক্লাব,ঝিনাইগাতী সংস্কার-১ম অংশ" প্রকল্প।<br>প্রাক্কলিত অর্থ ঃ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা।<br>প্রকল্প সভাপতি ঃ মোছাঃ নাছিমা বেগম,ইউ.পি সদস্য,গৌরীপুর ইউ.পি,ঝিনাইগাতী।<br>(২) প্রকল্পের নাম ঃ অফিসার্স ক্লাব,ঝিনাইগাতী সংস্কার-২য় অংশ" প্রকল্প।<br>প্রাক্কলিত অর্থ ঃ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা।<br>প্রকল্প সভাপতি ঃ মোছাঃ মোর্শেদা বেগম,ইউ.পি সদস্য,গৌরীপুর ইউ.পি,ঝিনাইগাতী। | (ক) আলোচনা কলামে উল্লিখিত প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যাবহার নির্দেশিকা মোতাবেক ২০২০-২১ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বর্ণিত প্রকল্প ০২(দুই) টি বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি, ঝিনাইগাতী, শেরপুর। |

পরিশেষে সভাপতি মহোদয় উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরের সকল কর্মকর্তাদের উপজেলা পরিষদ আইন, ২০০৯ এবং উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ অনুযায়ী (Charter of Duties) যথাযথভাবে পালন এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রতিটি দপ্তরের প্রজ্ঞাপন, পরিপত্র ও নির্দেশিকা অনুযায়ী যাবতীয় কমিটির সভা ও কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/১০/২০২০

**(এস, এম, আব্দুল্লাহেল ওয়ারেজ নাইম)**
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ঝিনাইগাতী, শেরপুর।

স্মারক নং-০৫.৩০.৮৯৩৭.০০২.০৫.০০২.২০১৪-৪৩৭ (২)/১(৩৫) তারিখ ঃ ১৯-১০-২০২০ খ্রি.।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

০৩। জেলা প্রশাসক, শেরপুর।

০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর।

০৫। উপজেলা ......................................অফিসার, ঝিনাইগাতী, শেরপুর।

০৬। চেয়ারম্যান,......................................ইউনিয়ন ও সদস্য, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।

০৭। অফিস কপি।

১৯/১০/২০২০
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ঝিনাইগাতী,শেরপুর।